# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৭২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ জুমু‘আর পর যে সালাত আদায় করার নির্দেশ দেওয়া হয়েছে, সেই নির্দেশটি ঐচ্ছিকতা নির্দেশক; আবশ্যকতা নির্দেশক নয় মর্মে বর্ণনা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْأَمْرَ بِمَا وَصَفْنَا إِنَّمَا هُوَ أَمْرُ نَدْبٍ لَا حَتْمٍ

আরবী

2472 ـ أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ الْحَلَبِيُّ بِدِمَشْقَ حَدَّثَنَا أَبُو نُعيم عُبَيْدُ بْنُ هِشَامٍ حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ عَنْ أَبِيهِ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ كَانَ مِنْكُمْ مُصَلِّياً بَعْدَ الجمعة فَلْيُصَلِّ أربعاً)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2472 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1036): م.

বাংলা

২৪৭২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমাদের মাঝে যে ব্যক্তি জুমু‘আর পর সালাত আদায় করবে, সে যেন চার রাকা‘আত সালাত আদায় করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪৯৯; সহীহ মুসলিম: ৮৮১; আবূ দাঊদ: ১১৩১; নাসাঈ: ৩/১১৩; সুনান বাইহাকী: ৩/২৩৯-২৪০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির

উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91798

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন